

🔳 আস-সফ | As-Saff | اُلصنَّف |

আয়াতঃ ৬১ : ১৩

া আরবি মূল আয়াত:

وَ أُخرى تُحِبُّونَهَا ١٠ نَصِرٌ مِّنَ اللهِ وَ فَتحٌ قَرِيبٌ ١٠ وَ بَشِّرِ المُؤمِنِينَ ﴿ ١٣﴾

এবং আরো একটি (অর্জন) যা তোমরা খুব পছন্দ কর। (অর্থাৎ) আল্লাহর পক্ষ থেকে সাহায্য ও নিকটবর্তী বিজয়। আর মুমিনদেরকে তুমি সুসংবাদ দাও। — আল-বায়ান

আর অন্য আরেকটিও (তিনি তোমাদেরকে দিবেন) যা তোমরা পছন্দ কর (আর তা হল) আল্লাহর সাহায্য ও আসন্ন বিজয়। (হে নবী!) ঈমানদার লোকেদেরকে তুমি সুসংবাদ দাও। — তাইসিরুল

আর তিনি দান করবেন তোমাদের বাঞ্ছিত আরও একটি অনুগ্রহ; আল্লাহর সাহায্য এবং আসন্ন বিজয়; মু'মিনদেরকে এর সুসংবাদ দাও। — মুজিবুর রহমান

And [you will obtain] another [favor] that you love - victory from Allah and an imminent conquest; and give good tidings to the believers. — Sahih International

১৩. এবং (তিনি দান করবেন) আরও একটি অনুগ্রহ, যা তোমরা পছন্দ কর। আল্লাহর পক্ষ থেকে সাহায্য ও আসন্ন বিজয়; আর আপনি মুমিনদেরকে সুসংবাদ দিন।(১)

(حُ الْحُرَىٰ تُحِبُّونَهَا نَصِنْ اللَّهِ وَهَتْحٌ قَرِيبٌ وَيَشِرِ الْمُؤُمِنِينَ) (اللَّهِ وَهَتْحٌ قَرِيبٌ وَيَشِرِ الْمُؤُمِنِينَ "এবং তিনি দান করবেন তোমাদের বাঞ্ছিত আরো একটি অনুগ্রহ। আল্লাহর সাহায্য ও আসন্ন বিজয়; মুমিনদেরকে সুসংবাদ দিন।" অর্থাৎ আখেরাতের নেয়ামত ও বাসগৃহ তো পাওয়া যাবেই; দুনিয়াতেও একটি নগদ নেয়ামত পাওয়া যাবে, তা হচ্ছে আল্লাহর সাহায্য ও আসন্ন বিজয়। এর অর্থ শক্রদের উপর বিজয় লাভ। এখানে فَرِيبٌ (বা নিকট) শব্দটি আখেরাতের বিপরীতে ধরা হলে ইসলামের সকল বিজয়ই এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। আর যদি প্রচলিত فَرِيبٌ (বা আসন্ন) ধরা হয়, তবে এর প্রথম অর্থ হবে খাইবার বিজয় এবং এরপর মক্কা বিজয়। المَوْيَبُونَهَا আর্থাৎ, তোমরা এই নগদ নেয়ামত খুব পছন্দ কর। কারণ মানুষ স্বভাবগতভাবে নগদকে পছন্দ করে। পবিত্র কুরআনের অন্যত্র বলা হয়েছে,(الْعِنْسَانُ عَجُولًا) অর্থাৎ, মানুষ তড়িঘড়ি পছন্দ করে। [সূরা আল-ইসরা: ১১] এর অর্থ এই নয় য়ে, আখেরাতের নেয়ামত তাদের কাছে প্রিয় নয়। বরং অর্থ এই য়ে, আখেরাতের নেয়ামত তা তাদের প্রিয় কাম্যই, কিন্তু স্বভাবগতভাবে কিছু নগদ নেয়ামতও



তারা দুনিয়াতে চায় তাও দেয়া হবে। [দেখুন: ফাতহুল কাদীর, মুয়াস্সার, বাগভী]

তাফসীরে জাকারিয়া

- (১৩) আর তিনি তোমাদেরকে দান করবেন বাঞ্ছিত আরো একটি অনুগ্রহ; আল্লাহর সাহায্য ও আসন্ন বিজয়।[1] আর বিশ্বাসীদেরকে সুসংবাদ দাও। [2]
 - [1] অর্থাৎ, যখন তোমরা তাঁর রাস্তায় যুদ্ধ করবে এবং তাঁর দ্বীনের সাহায্য করবে, তখন তিনি তোমাদেরকে জয় ও সাহায্য দানে ধন্য করবেন। ﴿وَا اللهُ يَنْصُرُوا اللهُ يَنْصُرُكُمْ وَيُثَبِّتُ الْقُدَامِكُمْ وَيُثَبِّتُ الْقُدَامِكُمْ وَيُثَبِّتُ الْقُدَامِكُمْ وَا اللهَ يَنْصُرُكُمْ وَيُثَبِّتُ الْقُدَامِكُمْ وَيُثَبِّتُ اللهَ اللهَ مَنْ عَنْدِيرٌ ﴿وَا اللهَ يَنْصُرُوا اللهَ يَنْصُرُكُمْ وَيُثَبِّتُ اللهَ اللهَ وَاللهَ اللهَ مَنْ عَنِيرٌ ﴿وَا اللهَ مَنْ يَنْصُرُكُمْ وَيُثَبِّتُ اللهُ مَنْ يَنْصُرُكُمْ وَيُثَبِّتُ وَاللهَ لَقُومِيّ عَزِيزٌ ﴿وَاللهُ لَعُومِيّ مِوالاً وَاللهُ لَعُومِيّ مَا اللهُ مَنْ يَنْصُرُكُمُ وَيُثَبِّتُ وَاللهُ لَقُومِيّ عَزِيزٌ ﴿وَاللهُ لَعُومِيّ مِوالاً وَاللهُ وَال
 - [2] অর্থাৎ, মৃত্যুর পর জান্নাতের এবং দুনিয়াতে বিজয় ও সাহায্যের। তবে শর্ত হল, ঈমানদারদেরকে ঈমানের দাবীসমূহ পূরণ করতে হবে। ﴿وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿ (آل عمران:) পরের আয়াতে মহান আল্লাহ মু'মিনদেরকে দ্বীনের সাহায্যের প্রতি আরো তাকীদ করছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5176

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন